ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

******

স-২৬০০

করবুক, ২৯ আগস্ট, ২০২৫

**সমবায় মন্ত্রী করবুকে সমবায় সহ নিয়ামক কার্যালয়ের উদ্বোধন করেন**

সমবায় দপ্তরের উদ্যোগে আজ করবুক মহকুমায় সমবায় সহ নিয়ামক কার্যালয়ের উদ্বোধন হয়। ফলক উন্মোচনের মাধ্যমে কার্যালয়ের উদ্বোধন করেন সমবায় দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। উদ্বোধনের পর সমবায় মন্ত্রী নবনির্মিত কার্যালয়ের কক্ষগুলি পরিদর্শন করেন। তিনি ভাষণে বলেন, এই কার্যালয়ের মাধ্যমে করবুক এলাকার জনগণ উপকৃত হবে। এতে গ্রামীণ অর্থনীতি আরও উন্নত হবে। তিনি বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সমবায় দপ্তরের সমস্ত প্রকল্প এখন থেকে করবুক এলাকায় দ্রুত বাস্তবায়িত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, করবুক আরডি ব্লকের বিএসি'র ভাইস চেয়ারম্যান প্রণব ত্রিপুরা, সমবায় দপ্তরের সচিব তাপস রায়, সমবায় সমিতির রেজিস্ট্রার দশরথ দেববর্মা, সমাজসেবী অসীম ত্রিপুরা, প্রণব শংকর ত্রিপুরা, করবুক ল্যাম্পস লিমিটেডের সভাপতি যশোদা রিয়াং প্রমুখ।

*******